যুগান্তর

তারিখ ... 10 JAN ... পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি অনার্সে ভর্তিযুদ্ধ : ৪৩৪৮ আসনে প্রার্থী ৭৭ হাজার

মুসতাক আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সে ভর্তির জন্য ৭৭ হাজার ফরম বিক্রি হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিককালের ইতিহাসে এটাই সর্বাধিক সংখ্যক ফরম বিক্রির ঘটনা। ভর্তি ফরম বিক্রি থেকে বিশ্ববিদ্যালয় এবার প্রায় দুই কোটি টাকা আয় করেছে। আগামী ১৭ জানুয়ারি থেকে ভর্তিযুদ্ধ শুরু হবে। এবার ৪ হাজার ৩৪৮টি আসনের বিপরীতে ৭৭ হাজার প্রার্থী ভর্তিযুদ্ধে নামছে। প্রতি আসনের জন্য গড়ে প্রায় ১৮ জন প্রতিদ্বন্দ্বিতা করছে। অন্যদিকে আইন বিভাগে এবার মাদ্রাসা এবং কলেজ থেকে মানবিক শাখায় পাসকৃত ছাত্রছাত্রীদের ভর্তির বিষয়টি অনিশ্চয়তার মধ্যে পড়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, চারটি ইউনিটে সাতটি অনুষদ ও তিনটি ইনস্টিটিউট রয়েছে। অনুষদ সাতটি হচ্ছে- কলা, সামাজিক বিজ্ঞান, আইন, বিজ্ঞান, জীব বিজ্ঞান, ফার্মেসি এবং বিজনেস স্টাডিজ। আর তিনটি ইনস্টিটিউট হচ্ছে- সমাজকল্যাণ গবেষণা ইনস্টিটিউট, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট এবং পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট। সাতটি অনুষদের বাংলায় ১৩২, ইংরেজি ১৩২, আরবিতে ১১০, সংস্কৃত ও পালিতে ৭৩, উর্দু ও পার্সিতে ৫৬, ইসলামী শিক্ষায় ১১০, ইসলামের ইতিহাসে ১১০,



## রেকর্ড সংখ্যক ফরম বিক্রি : ১৭ জানুয়ারি পরীক্ষা শুরু

ইতিহাসে ১৩৮, দর্শনে ১৬৮, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে ৫৫, নাট্যকলা ও সংগীতে ৩০, ভাষাতত্ত্বে ৩০ জন ভর্তি করা হবে। এ বিষয়গুলো সব কলা অনুষদের অন্তর্ভুক্ত। সামাজিক বিজ্ঞান অনুষদের রাষ্ট্রবিজ্ঞানে ২২০, সমাজবিজ্ঞানে ২২০, নৃবিজ্ঞানে ৫৫, অর্থনীতিতে ১৩৮, আন্তর্জাতিক সম্পর্কে ১১০, লোক প্রশাসনে ১১০, সমাজকল্যাণে ৮৩, গণযোগাযোগ ও সাংবাদিকতায় ৬৬, শান্তি ও সংঘর্ষ অধ্যয়নে ১০ এবং উইমেন স্টাডিজে ১৫ জন। আইন অনুষদের আইনে ১১০ জন ভর্তি করা হবে। বিজ্ঞান অনুষদের গণিতে ১১০, পদার্থ বিজ্ঞানে ১৪০, ফলিত পদার্থ বিজ্ঞানে ৭০, রসায়নে ৮০, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিতে ৬০, কম্পিউটার বিজ্ঞানে ১০০, ভূতত্ত্বে ৫০, পরিসংখ্যানে ৮৮, ফলিত পরিসংখ্যানে ৫০, জীববিজ্ঞান অনুষদের অণুজীব বিজ্ঞানে ৩০, উদ্ভিদ বিজ্ঞানে ৭৫, প্রাণরসায়ন ও মলিকুলার বায়োলজিতে ৫৫, প্রাণিবিদ্যায় ৮০, মনোবিজ্ঞানে ৮০, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞানে ৭৫, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউটে ২০, একোয়াকালচার ও ফিশারিজে ২০, জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজিতে ১০ এবং [illegible] অনুষদের ফার্মেসিতে ৫৫ জন

ভর্তিযুদ্ধ : পৃষ্ঠা : ১৩ কলাম : ৮

## ভর্তিযুদ্ধ : ঢাবি

(৩য় পৃষ্ঠার পর)

[illegible] হবে। এছাড়া [illegible] বিজনেস স্টাডিজ [illegible] হিসাব বিজ্ঞান, ম্যানেজমেন্ট, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং ও মার্কেটিংএ ১৭[illegible] জন করে সর্বমোট ৭০৬ জন ভর্তি করা হবে। আগামী ১৭ জানুয়ারি 'গ' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হবে। এরপর ২৫ জানুয়ারি খ, ১ ফেব্রুয়ারি ক এবং সর্বশেষ ৭ ফেব্রুয়ারি ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আইন বিভাগে এবার মাদ্রাসা এবং কলেজ থেকে মানবিক শাখায় পাসকৃত ছাত্রছাত্রীদের ভর্তি বিষয়টি অনিশ্চয়তার মধ্যে পড়েছে। কেননা, ঘ ইউনিটের নিয়মানুযায়ী শুধু এক বিভাগ থেকে পাসকৃতরা অন্য বিভাগে যেতে পারে। নিজ নিজ বিভাগের কোন বিষয়ে এই ইউনিটের ছাত্রছাত্রী নিতে পারে না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও গতকাল পর্যন্ত এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়নি বলে জানা গেছে। জানা গেছে, এবার 'ক' ইউনিটে ২০ হাজার ৫৮৫, 'খ' ইউনিটে ১৬ হাজার ৩৫৯, 'গ' ইউনিটে ১৮ হাজার ৫৪০ এবং 'ঘ' ইউনিটে ২১ হাজার ৪৭৯টি ভর্তির ফরম বিক্রি হয়েছে।